সেট : খ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০১৮
শ্রেণি: নবম
বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা (বহুনির্বাচনি)

বিষয় কোড: ১১১

সময়: ৩০ মিনিট   পূর্ণমান: ৩০

[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। আকাইদ শব্দের অর্থ কী?
ক) আনুগত্য   খ) বিশ্বাসমালা
গ) নিয়তি   ঘ) শান্তির পথে চলা

২। দাউদ (আঃ) এর ওপর অবতীর্ণ হয় কোন গ্রন্থটি?
ক) তাওরাত   খ) ইঞ্জিল
গ) আল-কুরআন   ঘ) যাবুর

৩। ইসলামকে পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা বলা হয় কারণ এতে রয়েছে-------
i. ইহকালীন সব বিষয়ের বর্ণনা
ii. বিশ্ব জগতের সৃষ্টি ও ধ্বংসের বর্ণনা
iii. মৃত্যু ও মৃত্যুর পরবর্তী জীবনের বর্ণনা

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকের আলোকে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাওঃ

সিফাত সর্বদা সত্য কথা বলে। কাউকে প্রতিশ্রুতি দিলে নিজের ক্ষতি হলেও কখনো সে তা ভঙ্গ করে না।

৪। সিফাত এর আচরণে কোনটি প্রকাশ পেয়েছে?
ক) আখলাকে হামিদাহ   খ) আমর বিল মারুফ
গ) নাহি আনিল মুনকার   ঘ) আখলাকে যামিমাহ

৫। তার এরূপ আচরণের ফলে-----
i. তার পূণ্যের পাল্লা ভারি হবে
ii. সে সমাজে সম্মানিত হবে
iii. তার পরিবারে স্বচ্ছলতা থাকবে

নিচের কোনটি সঠিক?
ক) i ও iii   খ) iও ii
গ) iiও iii   ঘ) i, ii ও iii

৬। নৈতিকতার মূল ভিত্তি কী?
ক) শালীনতা   খ) ওয়াদা পালন
গ) সিদক   ঘ) তাকওয়া

৭। যাকাতকে ইসলামের সেতুবন্ধ বলা হয়। কেননা যাকাত-------
i) সম্পদের ভারসাম্য তৈরি করে
ii) পারিবারিক শান্তি আনয়ন করে
iii) সম্পদের পরিশুদ্ধতা নিশ্চিত করে

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) iও iii
গ) iiও iii   ঘ) i, ii ও iii

৮। 'ওয়াদা'এর আরবি প্রতিশব্দ কী?
ক) আল-আহদু   খ) তাকওয়া
গ) সাদিকুল   ঘ) আদল

৯। পবিত্র কুরআন এক সাথে নাযিল না হওয়ার কারণ-----
i. মানুষ যাতে ধীরে ধীরে বুঝতে পারে
ii. প্রয়োজন ও ঘটনার পরিপ্রেক্ষিতে নাযিলের জন্য
iii. রাসুল (সঃ) এর অন্তর মজবুত করার জন্য

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) iও iii
গ) ii ওiii   ঘ) i, iiও iii

নিচের উদ্দীপকের আলোকে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও।

মিয়ানমার থেকে বৌদ্ধদের নিষ্ঠুর নির্যাতনে জমাজমি টাকা পয়সা বাড়ি-ঘর হারিয়ে বাংলাদেশে লক্ষ লক্ষ রোহিঙ্গা মুসলমান আশ্রয় নিয়েছে। এ কঠিন পরিস্থিতিতেও মহান আল্লাহর উপর তাদের অটল বিশ্বাস রয়েছে।

১০। রোহিঙ্গা মুসলমানের বিশ্বাস কিসের শামিল?
ক) তাসাউফ   খ) রিসালাত
গ) তাওহিদ   ঘ) তাকওয়া

১১। রোহিঙ্গা মুসলমানরা এ বিশ্বাসের ফলে------
i. প্রতিশোধ প্রবণ হয়ে উঠবে
ii. আত্মমর্যাদাশীল হয়ে উঠবে
iii. ঐক্য ও ভ্রাতৃত্ব প্রতিষ্ঠায় উদ্বুদ্ধ হবে

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

১২। ইমানের প্রথম স্তর কোনটি?
ক) ফেরেশতাগণের প্রতি বিশ্বাস
খ) আল্লাহ তায়ালার প্রতি বিশ্বাস
গ) আসমানি কিতাবসমূহে বিশ্বাস
ঘ) নবি রাসুলগণের প্রতি বিশ্বাস

১৩। কোনটি মহানবি (সাঃ) এর হিজরত করার মূখ্য কারণ?
ক) আল্লাহর নির্দেশ
খ) নির্বিঘ্নে ইসলাম প্রচার
গ) মদিনাবাসির আমন্ত্রণ
ঘ) অত্যাচার থেকে আত্মরক্ষা

নিচের উদ্দীপকের আলোকে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও:

জনাব ইউনুস আলি পথহারা মানুষদেরকে ইসলামের পথে ডাকার জন্য পাড়া-মহল্লায় ঘোরেন। এ কাজে তাঁর উপর অনেক নির্যাতন নেমে আসে। জনাব আকরাম সাহেবের কাছে একজন ব্যক্তি মেয়ের বিয়ের জন্য সহযোগিতা চায়। তিনি লোকটিকে ৭,০০০ টাকা দান করেন।

১৪। উদ্দীপকে ইউনুস আলির কাজটি রাসুল (সা:) এর কোন কাজের সাথে সাদৃশ্যপূর্ণ?
ক) নবুয়তী কাজ   খ) কুরআন শিক্ষার কাজ
গ) ইসলাম প্রচারের কাজ   ঘ) সমাজ সংস্কারের কাজ

১৫। জনাব আকরাম সাহেবের কাজে কোন সূরার শিক্ষা প্রতিফলিত হয়েছে?
ক) আত-তীন   খ) আল-মাউন
গ) আদ-দুহা   ঘ) আশ-শামস

১৬। শরিয়তের উৎস কয়টি?
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

১৭। ওয়াদা পালন করলে----
i. ব্যক্তি মর্যাদাবান ও আস্থাশীল হয়
ii. আল্লাহর সন্তুষ্টি অর্জিত হয়
iii. সমাজে শান্তি প্রতিষ্ঠিত হয়

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৮। আল্লাহর ভয়ে যাবতীয় পাপাচার থেকে বিরত থাকাকে কী বলে?
ক) আমানত খ) তাকওয়া
গ) সত্যবাদিতা ঘ) ওয়াদা পালন

নিচের উদ্দীপকের আলোকে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:
বিশিষ্ট সংবিধান প্রণেতা জনাব 'ক' আজ থেকে বহু আগের একটি সংবিধান সম্পর্কে আলোচনা করলেন। এটিকে মানব ইতিহাসের সর্বপ্রথম লিখিত সংবিধান বলা হয়। অন্যদিকে জনাব 'খ' যাবতীয় পাপাচার, খারাপ, অশ্লীল ও অসৎ কাজে লিপ্ত থাকে।

১৯। জনাব 'ক' এর আলোচনায় কোন সংবিধানের ইঙ্গিত পাওয়া যায়?
ক) সৌদি সংবিধান খ) মদিনা সনদ
গ) মার্কিন সংবিধান ঘ) ভারতীয় সংবিধান

২০। জনাব 'খ' কে যে পরিণাম ভোগ করতে হবে---
i. হেদায়েত থেকে বঞ্চিত হবে
ii. সামাজিকভাবে শান্তিতে থাকবে
iii. উভয় জগতে লাঞ্ছিত ও অপমানিত হবে

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১। হযরত উসমান (রাঃ) কে জামিউল কুরআন বলা হয়। কেননা তিনি কুরআন-----
ক) লিখেছিলেন খ) সংকলন করেছিলেন
গ) সংরক্ষণ করেছিলেন ঘ) মুখস্থ করেছিলেন

২২। ইসলামি সমাজ ব্যবস্থার মূল ভিত্তি কোনটি?
ক) সম্পদশালী হওয়া খ) হজ করা
গ) আমানতদারিতা ঘ) শালীনতা বজায় রাখা

২৩। সূরা আল-ইনশিরাহ অবতীর্ণের মূল উদ্দেশ্য কী?
ক) মুশরিকদের খারাপ কাজের বর্ণনা
খ) রাসুল পাক (সাঃ) এর সান্ত্বনা প্রদান
গ) কাফিরদের কঠোর শাস্তির বর্ণনা
ঘ) কুরাইশদের সমালোচনা

২৪। আমরা সালাত আদায় করব। কেননা সালাতের মাধ্যমে------
ক) সামাজিক মর্যাদা অর্জিত হয় খ) আল্লাহর নৈকট্য লাভ করা যায়
গ) শারীরিকভাবে সুস্থ থাকা যায় ঘ) সমাজে পরিচিত হওয়া যায়

নিচের উদ্দীপকের আলোকে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব হাফিজ সাহেবের নিকট লোকেরা টাকা জমা রাখে। তিনি তা কখনো খরচ করেন না। ফেরত চাওয়া মাত্রই জমাকারীকে তার টাকা ফেরত দেন।

২৫। জনাব হাফিজ সাহেবের কাজটি কিসের শামিল?
ক) আমানতদারিতা খ) সত্যবাদিতা
গ) কর্তব্যপরায়ণতা ঘ) মানবসেবা

২৬। জনাব হাফিজ সাহেব এটি রক্ষা করেন কেন?
ক) সুনাম অর্জনের জন্য খ) এটি আল্লাহর নির্দেশ
গ) সরকারি পদক পাওয়ার জন্য ঘ) অর্থ উপার্জনের জন্য

২৭। "লা-ইলাহা ইল্লাল্লাহু" দ্বারা কীসের ঘোষণা দেওয়া হয়েছে?
ক) ইসলামের খ) কালিমার
গ) রিসালাতের ঘ) তাওহিদের

২৮। সাওমের মাধ্যমে অর্জিত হয়-----
i) আল্লাহভীতি ii) সহমর্মিতা iii) ক্রোধ

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৯। "আল্লাহর হক" আদায় করতে হলে আমাদের কয়টি কাজ করতে হবে?
ক) ২টি খ) ৩টি
গ) ৫টি ঘ) ৭টি

৩০) আল-কুরআনের সর্ব প্রথম নাযিলকৃত আয়াতগুলো কোন সূরার অন্তর্গত?
ক) সূরা আলাক্ব খ) সূরা আত-তাওবা
গ) সূরা আন-নিসা ঘ) সূরা-বাকারা

সেট: খ

বিষয় কোড: ১১১

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০১৮
শ্রেণি: নবম
বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট | পূর্ণমান: ৭০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোন সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. মাসুম তার মামার সাথে সুন্দর এই পৃথিবী কার নির্দেশে সুশৃঙ্খল ভাবে পরিচালিত হচ্ছে এটা নিয়ে কথা বলছিল। মামাকে সে প্রশ্ন করল, পৃথিবীতে এত অশান্তি কেন? মামা বললেন, মানুষ আল্লাহর বিধি-বিধান মেনে চলছে না বলেই এত অশান্তি । মামা আরও বলেন, ‘আল্লাহ রাব্বুল আলামিনকে এক অনাদি ও অনন্ত হিসেবে আমাদের মানা দরকার’।

ক. আকিদা কাকে বলে? ১
খ. ইমান ও ইসলামের সম্পর্ক কী? ব্যাখ্যা কর। ২
গ. মামার বক্তব্যে ইসলামের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মামার শেষোক্ত বক্তব্যে যে বিষয়টি ফুটে উঠেছে তার স্বপক্ষে কুরআন ও হাদিসের যুক্তি উপস্থাপন কর। ৪

২. শরিফ ও তারিফ দুই বন্ধু। শরিফ ইসলামের বিধি-বিধান যথারীতি মেনে চলে। এক আল্লাহর ইবাদত করে। তারিফ এ ব্যাপারে সম্পূর্ণ উদাসীন। সে সৃষ্টিকর্তা ও সৃষ্টি সম্পর্কে বিভিন্ন খারাপ মন্তব্য করে। একদিন শরিফ তার বন্ধু তারিফকে বলে, আমাদের প্রত্যেকের মৃত্যুবরণ করতে হবে ও ইসলামি নিয়ম-কানুন মেনে না চললে পরকালীন জীবনে কঠিন শাস্তি পেতে হবে।

ক. তাকদির কাকে বল? ১
খ. আসমানি কিতাবে বিশ্বাস অপরিহার্য কেন? ২
গ. শরিফের চারিত্রিক বৈশিষ্ট্য দ্বারা কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তারিফ এর বিশ্বাসের পরিণতি বিশ্লেষণ কর। ৪

৩. মালিহা আল-কুরআন তিলাওয়াত করছে। মেয়ের কুরআন তিলাওয়াত শুনে বাবা বললেন, তোমার তিলাওয়াত শুদ্ধ হচ্ছে না। তিলাওয়াত শুদ্ধ করার জন্য তিনি মেয়েকে একটি বই কিনে দিলেন। কুরআন শিক্ষার নিয়ম-কানুন পেয়ে মালিহা অল্প দিনের মধ্যেই শুদ্ধভাবে আল কুরআন তিলাওয়াত শিক্ষা লাভ করল।

ক. ইসলামি শরিয়ত কাকে বলে ? ১
খ. নাজিরা তিলাওয়াত অপরিহার্য কেন? ২
গ. মালিহা শুদ্ধভাবে কুরআন শেখার জন্য কোন বিষয়ের জ্ঞান অর্জন করল ? ব্যাখ্যা কর। ৩
ঘ. মালিহার বাবার কার্যক্রম চিহ্নিত করে শুদ্ধভাবে আল-কুরআন শিক্ষার গুরুত্ব বর্ণনা কর। ৪

৪. জনাব ‘ক’ লোক দেখানোর উদ্দেশ্যে নামাজ পড়ে, প্রতিবেশীর সাথে ভাল আচরণ করেনা। গৃহস্থালির প্রয়োজনীয় ছোট খাটো বস্তু অন্যকে দেয় না। পক্ষান্তরে জনাব ‘খ’ মনে করে “নিশ্চয়ই কষ্টের সাথে স্বস্তি রয়েছে”। তাই যখনই সে সময় পায় ইবাদতে মশগুল থাকে এবং তার প্রতিপালকের প্রতি মনোনিবেশ করে।

ক. মক্কি সূরা কাকে বলে ? ১
খ. শানে নুযুল কী? বুঝিয়ে লেখ। ২
গ. জনাব ‘ক’ এর কর্মকান্ডে কোন সূরার শিক্ষা প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব ‘খ’ এর আচরণ উদ্দীপকে উল্লেখিত সূরার আলোকে বিশ্লেষণ কর। ৪

৫. আব্দুস সালাম সাহেব একজন বড় ব্যবসায়ী। শত ব্যস্ততার মাঝেও সময় মত মসজিদে যান ও সংশ্লিষ্ট ইবাদতটি যথাযথভাবে আদায় করেন। জনাব আলম সাহেব মাঝে মাঝে দোয়া চাওয়ার জন্য বিভিন্ন মাযারে যান।

ক. ইবাদত কাকে বলে? ১
খ. কীভাবে জামায়াতে সালাত আদায় দ্বারা সামাজিক বন্ধন তৈরি হয় ? ২
গ. আঃ সালাম সাহেব এর কর্মকান্ড দ্বারা কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আলম সাহেবের কাজটি চিহ্নিত করে উহার পরিণতি বিশ্লেষণ কর। ৪

৬. জনাব মাসুম প্রতি বছর এক বিশেষ মর্যাদা সম্পন্ন মাসে সম্পদের হিসাব করে ১৬ লক্ষ টাকা থেকে ৪০ হাজার টাকা ৪ জন অসহায় গরীব মানুষের মাঝে বিতরণ করেন। তার ছোট ভাই মারুফ সাহেব সমাজে প্রতিষ্ঠা লাভের জন্য বছর শেষে নির্দিষ্ট পরিমাণ অর্থ কেবল তার পছন্দের লোকদের মাঝে বিতরণ করেন।

ক. সাওম কাকে বলে ? ১

খ. হাক্কুল ইবাদ কী? ব্যাখ্যা কর। ২

গ. মারুফ সাহেবের কাজে কার আদেশ লঙ্ঘিত হয়েছে- ব্যাখ্যা কর। ৩

ঘ. মাছুম সাহেবের ইবাদতটি চিহ্নিতপূর্বক এর সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭. আব্দুল করিম একটি কাপড় কিনে দোকানদারকে দুই দিন পর টাকা দেয়ার কথা বলল। সে যথা সময়ে উক্ত টাকা পরিশোধ করল। নাসিফ এর বন্ধু ফাহাদ যশোর থেকে ঢাকায় আসার পথে ফরিদপুর মোড়ে বাসে ছিনতাইকারীদের কবলে পড়ে। ছিনতাইকারীদের জিজ্ঞাসায় সে তার নিকট রক্ষিত টাকা পয়সার কথা প্রকাশ করে দেয়।

ক. আখলাক কাকে বল? ১

খ. সুন্দর চরিত্রই পূণ্য কেন ? ব্যাখ্যা করো। ২

গ. আসিফ এর আচরণে আখলাকে হামিদার কোন গুণটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ফাহাদের কাজটি চিহ্নিত করে উহার ফলাফল বিশ্লেষণ কর। ৪

৮. জনাব নাসির সাহেব উদার ও উন্নত চরিত্রের একজন মানুষ। অন্যান্য সৃষ্টির প্রতিও তার অসীম দরদ। তিনি ক্ষুধার্তকে অন্ন,বস্ত্রহীনকে বস্ত্রদান করেন। তার বন্ধু জনাব ‘ক’ একটি কোম্পানিতে কম্পিউটার অপারেটর পদে কর্মরত। একদিন তিনি তার দায়িত্বে থাকা গুরুত্বপূর্ণ কিছু ফাইল কম্পিউটার থেকে মুছে ফেলেন। তার উর্দ্ধতন কর্মকর্তা তাকে হাতে নাতে ধরে ফেলেন এবং বলেন, ইতঃপূর্বেও তোমার বিরুদ্ধে এ ধরণের অভিযোগ আছে।

ক. ‘আখলাকে যামিমাহ’ কাকে বল? ১

খ. মুত্তাকিগণ সফলতা লাভ করেন কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব নাসির সাহেবের কর্মকান্ডে কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ‘ক’ এর মধ্যে আখলাকে হামিদার কোন গুণটির অভাব তা চিহ্নিত করে তার পরিণতি বিশ্লেষণ কর। ৪

৯. জাকির এলাকার সচেতন এক যুবক। তার এলাকায় ঝগড়া-ফাসাদ, মারামারি ও সংঘাত লেগেই থাকে। সে কিছু বন্ধুদেরকে নিয়ে শান্তি প্রতিষ্ঠার জন্য একটি সমিতি গঠন করে। মহল্লার মসজিদের ইমাম সাহেব তাদের এ কাজের প্রশংসা করেন ও বলেন, মহানবী (সা.) তার জীবনে এমন একটি লিখিত সংবিধান প্রণয়ন করেছিলেন যার মাধ্যমে ইসলাম ও তার শ্রেষ্ঠত্ব ফুটে উঠে।

ক. ‘হারবুল ফিজার’ কী? ১

খ. প্রাক ইসলামি যুগে নারীদের অবস্থা কেমন ছিল? ব্যাখ্যা কর। ২

গ. জাকিরের উদ্যোগটি মহানবী (সাঃ) এর জীবনের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইমাম সাহেবের শেষ বক্তব্যে যে বিষয়টি ফুটে উঠেছে তা উল্লেখ পূর্বক তার বিভিন্ন দিক আলোচনা কর। ৪

১০. জনাব সেলিম সাহেব তার অফিসে অধীনস্থ এক কর্মকর্তাকে একজন মহান ব্যক্তির গল্প বলেন, যিনি দরিদ্র ছিলেন বটে কিন্তু কখনো লোভী ছিলেন না। বিবাহের পর স্ত্রী তার ব্যবসায়ের পুরো দায়িত্ব স্বামীকে দেন এবং তিনি প্রচুর সম্পদের মালিক হন। এই সম্পদ তিনি ভোগ না করে অসহায়, দুঃখী, ও গরিব মিসকিনের সেবায় ব্যয় করেন। তিনি আরও বলেন, “সত্য প্রচারের ক্ষেত্রে উক্ত মহামানব ছিলেন দৃঢ় প্রত্যয়ী এবং ধৈর্যশীল”।

ক. কে মুহাম্মদ (সাঃ) কে অসাধারণ বালক বলে উল্লেখ করেন? ১

খ. কোন যুগে কাবা ঘরে ৩৬০ টি মূর্তি স্থাপন করা হয়েছিল এবং কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মহান ব্যক্তি দ্বারা কাকে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সেলিম সাহেবের শেষ উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১১. জনাব আকরাম পবিত্র কুরআনে নবি রাসুলদের অবাধ্য হওয়ার কারণে মহান আল্লাহ পূর্ববর্তী জাতিসমূহকে ধ্বংস করেছেন। এগুলো জানা সত্ত্বেও নিষিদ্ধ সকল কাজে লিপ্ত হন। বিভিন্ন অশ্লীল ও পাপ কাজে জড়িয়ে পড়েন। পক্ষান্তরে জনাব আফজাল সাহেব গরিব-দুঃখী ও এতিমের প্রতি অত্যন্ত সহনশীল।

ক. বায়তুল ইযযাহ কী? ১

খ. আল-কুরআন আরবি ভাষায় নাজিল হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২

গ. কোন সূরার শিক্ষার অভাবে আকরাম সাহেব এরূপ অনৈতিক কাজে জড়িয়ে পড়েন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আফজাল সাহেবের চরিত্র যে সূরার শিক্ষার সাথে মিল রয়েছে তা চিহ্নিত করে উহার শিক্ষা লেখ। ৪